গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
এপিএ শাখা।

বিষয়: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২০২১-২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে 'নৈতিকতা কমিটি'র সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: মশিউর রহমান এনডিসি<br>সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। |
| সভার তারিখ ও সময় | : | ২১/০৩/২০২২ বিকাল ০৩.০০ ঘটিকা। |
| সভার স্থান | : | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক' |

**সভার আলোচনা:**

সভায় উপস্থিত নৈতিকতা কমিটির সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার প্রারম্ভে সভাপতি, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সকল অনুবিভাগের কার্যক্রমে শুদ্ধাচার নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করেন। তিনি জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশলের মূল লক্ষ্য হলো, সরকারী কাজে স্বচ্ছতা, জবাবদিহিতা, শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা।

অত:পর সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের এনআইএস-টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন। তিনি জানান জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ অর্থ বছরের ২য় কোয়ার্টারের (অক্টেবর-ডিসেম্বর) অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে, নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করা হয়েছে। গত সভায় ৩নং ক্রমিকের সিদ্ধান্ত ছিল ২০২১-২২ অর্থ বছরের ডিসেম্বর, ২০২১ সময়ে সমাপ্ত প্রকল্পের সম্পদ হস্তান্তরের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। ডিসেম্বর, ২০২১ পর্যন্ত ০১টি প্রকল্প সমাপ্ত হয়েছে। উক্ত সমাপ্ত প্রকল্পের সম্পদ হস্তান্তরের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য বার্ডকে পত্র প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য, ২০২০-২১ অর্থ বছরের ৯টি প্রকল্প সমাপ্ত হয়েছে এবং ২য় কোয়ার্টার পর্যন্ত ৯টি প্রকল্পের সম্পদ হস্তান্তর করা হয়েছে। তিনি আরো জানান জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর সূচক নং ১.৫ এ উল্লেখিত কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধির) নির্দেশনা রয়েছে। কোভিড-১৯ মোকাবেলায় যথাযথভাবে স্বাস্থ্যবিধি অনুসরণ ও পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধির কার্যক্রম অব্যাহত রয়েছে। দীর্ঘ দিনের পুরাতন ও অব্যবহৃত গ ও ঘ শ্রেণীর বিনষ্টযোগ্য নথির তালিকা অত্র বিভাগের নথি বিনষ্টকরণ কমিটি কর্তৃক যাচাই বাছাই করা হয়েছে। পরবর্তীতে বিনষ্টযোগ্য নথির তালিকা অনুযায়ী নথি বিনষ্টকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমের মধ্যে ৩.১ থেকে ৩.৫ নং ক্রমিকে উল্লেখিত ৩.১ সমবায় সমিতির নিবন্ধন কার্যক্রমের স্বচ্ছতা আনয়ন, ৩.২ সমবায় সমিতির নিরীক্ষা কার্যক্রমের স্বচ্ছতা আনয়ন, ৩.৩ কুমিল্লা জেলার আদর্শ সদর উপজেলার কোভিড-১৯ প্রনোদনা ঋণ কর্মসূচী বাস্তবায়নে স্বচ্ছতা আনয়ন, ৩.৪ পল্লী উন্নয়ন একাডেমী বার্ড কর্তৃক আয়োজিত প্রকল্পের আয়বর্ধনমূলক প্রশিক্ষণ কার্যক্রমে স্বচ্ছতা আনয়ন এবং ৩.৫ মিল্কভিটা কর্তৃক দুধ সংগ্রহে স্বচ্ছতা আনয়ন সংক্রান্ত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য এ-বিভাগের

কর্মকর্তাগণকে দায়িত্ব প্রদান করা হয়। লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রযোজ্যক্ষেত্রে বিভিন্ন সভা আয়োজন, বিভিন্ন নির্দেশনা ও সুপারিশ সম্বলিত পরিদর্শন/মনিটরিং প্রতিবেদন দাখিল, লক্ষ্যমাত্রা অনুযায়ী অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন ও নির্দেশনা/সুপারিশ অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতির প্রমাণক দাখিল করা হয়েছে। ধারাবাহিকভাবে উপরোক্ত কার্যক্রমসমূহের অগ্রগতি প্রতিবেদন প্রেরণের বিষয়ে আলোচনা হয়। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ |
|---|---|---|
| ১ | বিনষ্টযোগ্য নথিসমূহ নথি বিনষ্টকরণ কমিটি কর্তৃক যাচাই বাছাই সম্পন্ন করে নথি বিনষ্টকরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ-সচিব (আইন ও প্রতিষ্ঠান)/ নথি বিনষ্টকরণ কমিটির আহ্বায়ক ও প্রশাসন শাখা |
| ২ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২০২১-২২ অর্থ বছরের ৩য় কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | এনআইএস ফোকাল পয়েন্ট কর্মকর্তা পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। |
| ৩ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার সূচক নং-২.২ এ উল্লেখিত psc সভা আয়োজনের বিষয়ে চলমান প্রকল্পের ডিপিপি অনুযায়ী psc সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (পরি: ও উন্নয়ন) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। |
| ৪ | **৩.১ সমবায় সমিতির নিবন্ধন কার্যক্রমের স্বচ্ছতা আনয়ন:**<br>ঢাকা জেলা সমবায় কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীগণের সাথে সাভার উপজেলার ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতির নিবন্ধন কার্যক্রম সম্পর্কিত সভা অনুষ্ঠিত হয়। সভায় সমবায় সমিতি আইন, সমবায় সমিতি বিধিমালা ও সমবায় সমিতির নিবন্ধন নীতিমালা অনুযায়ী যথাযথ প্রক্রিয়ায় নিবন্ধন, সরেজমিনে পরিদর্শন, বাধ্যতামূলক প্রাক-প্রশিক্ষণ প্রয়োজন বিষয়ে দিক-নির্দেশনা প্রদান করা হয়।<br>বিগত ০৯.০৩.২০২২ তারিখ ১১:০০ টায় ঢাকা জেলার সমবায় কার্যালয়ের তত্বাবধায়নে সাভার উপজেলার প্রস্তাবিত ৩টি ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতির সদস্যগণ, জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা ও সুশীলসমাজের প্রতিনিধিদের উপস্থিতিতে প্রাক-নিবন্ধন প্রশিক্ষণের আয়োজন করা হয়। প্রশিক্ষণটি সাভার উপজেলা পরিষদের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় জুম প্লাটফর্মের মাধ্যমে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।<br>সভার উপজেলাধীন প্রস্তাবিত ০৩ (তিন) টি প্রাথমিক সমবায় সমিতি যথাক্রমে ১. ধোবারই উৎপাদনমুখী সমবায় সমিতি লি: ২. বসুন্ধরা দারিদ্র বিমোচন ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লি: ও ৩. উপকার ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লি: এর উদ্যোক্তা সদস্যগণ সমিতির | উপসচিব, (সমবায়, প্রশাসন) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। |

| | | | |
|---|---|---|---|
| | নিবন্ধনের আগ্রহ প্রকাশ করায় সমিতির উদ্যোক্তা সদস্যগণ কর্তৃক সমবায় সমিতির নিবন্ধন ফরম পূরণ করত: প্রয়োজনীয় রেকর্ডপত্রসহ দাখিল করা হলে সহকারী পরিদর্শককে যাচাইকারী নিয়োগ করা হয়। যাচাইকারী তথ্য নিয়োগকৃত সহকারী পরিদর্শক সমিতির কার্যালয়ে উপস্থিত হয়ে আবেদনপত্রের সাথে দাখিলকৃত রেকর্ডপত্র ও সমিতির কার্যালয়ের সঠিকতা সরেজমিনে যাচাই করত: যাচাই প্রতিবেদন দাখিল করেন।<br><br>যাচাই প্রতিবেদনের সুপারিশ মোতাবেক প্রস্তাবিত ০৩ টি সমবায় সমিতির আবেদনপত্র ও তৎসঙ্গে সংযুক্ত রেকর্ডপত্র সমবায় সমিতি আইন, সমবায় সমিতি বিধিমালা, নিবন্ধন নীতিমালা ও নিবন্ধক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয়ের সার্কুলার মোতাবেক প্রস্তুত করা হয়েছে বিধায় প্রস্তাবিত ০৩ (তিন) টি প্রাথমিক সমবায় সমিতির আবেদনপত্রসহ সাংগঠনিক কাগজপত্র ঢাকা জেলার প্রাথমিক সমবায় সমিতির নিবন্ধক তথা জেলা সমবায় কার্যালয়, ঢাকা মহোদয় বরাবরে নিবন্ধনের সুপারিশসহ অগ্রায়ন করার পূর্বে নিবন্ধন প্রাক-প্রশিক্ষণ সভার আয়োজন করা হয়।<br>সভায় নির্ধারিত ফরমে উপজেলা/জেলা সমবায় কার্যালয়ে নিবন্ধনের আবেদন দাখিল, নিবন্ধনের আবেদন দাখিলের শর্ত/নির্দেশনাবলী যথাযথভাবে পালন করা হচ্ছে কিনা, সেটি নিশ্চিত করার জন্য আবেদনের সাথে সংশ্লিষ্ট সকল সদস্য ও জনপ্রতিনিধির উপস্থিতিতে মতবিনিময় সভা/প্রাক-নিবন্ধন প্রশিক্ষন আয়োজন, আবেদনকারীগনের নিজস্ব কার্যালয় আছে কি না তা সরেজমিনে পরিদর্শন এবং উপজেলা কার্যালয়ে আবেদন পর্যালোচনাপূর্বক সঠিক আবেদন জেলা কার্যালয় কর্তৃক অনুমোদন বিষয়ে দিক নির্দেশনা প্রদান করা হয়। জেলা কার্যালয় কর্তৃক নিবন্ধন সম্পন্নপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য বলা হয়। ধারাবাহিকভাবে এ কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন দাখিলের নির্দেশনা প্রদান করা হয়। | |
| ৫ | **৩.২ সমবায় সমিতির নিরীক্ষা কার্যক্রমের স্বচ্ছতা আনয়ন:**<br>গাজীপুর জেলার কালিগঞ্জ উপজেলার কাল্‌বভুক্ত ক্রেডিট কো-অপারেটিভ সোসাইটিসমূহের অডিট প্রতিবেদন পর্যালোচনার জন্য বিগত ০৯.০৩.২০২২ তারিখ বেলা ১১:৩০ টায় গাজীপুর জেলা সমবায় কর্মকর্তার সভাপতিত্বে জুম প্লাটফর্মের মাধ্যমে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কালিগঞ্জ উপজেলার কাল্‌বভুক্ত ক্রেডিট কো-অপারেটিভ সোসাইটিসমূহের প্রতনিধি, কালবের কর্মকর্তাবৃন্দসহ অন্যান্য কর্মকর্তাগণ এবং উক্ত সভায় পর্যেবক্ষক হিসাবে জুম প্লাটফর্মের মাধ্যমে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।<br><br>গাজীপুর জেলাধীন কালিগঞ্জ উপজেলায় কাল্‌বভুক্ত সর্বমোট ৩২টি নিবন্ধিত সোসাইটি আছে। উক্ত সোসাইটিগুলির মধ্যে ২৪টি সোসাইটির অডিট সম্পাদিত হয়েছে। তৎমধ্যে ২১টি অডিট প্রতিবেদন দাখিল করা হয়েছে। অবশিষ্ট ০৮টি সোসাইটির অডিট ৩১ শে মার্চ/২০২২ তারিখের মধ্যে সম্পাদন করা হবে। প্রাপ্ত | উপসচিব, (সমবায়, প্রশাসন)<br>পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। |

| | | |
|---|---|---|
| | অডিট প্রতিবেদনের ভিত্তিতে ইতোমধ্যে ১০টি সোসাইটির অডিট পর্যালোচনা করা হয়েছে। ১০টি সমিতির মধ্যে সবগুলোতেই পর্যালোচনার পর বেশ কিছু বিষয়ে ত্রুটি পাওয়া গিয়েছে। এসব সমাধানের জন্য জেলা সমবায় অফিসার ১৫ কর্মদিবস সময় বেধে দিয়েছেন। নির্ধারিত সময়ের মধ্যে ত্রুটি সংশোধিত না হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। পর্যায়ক্রমে সকল সোসাইটির অডিট প্রতিবেদন পর্যালোচনা বা টেষ্ট অডিট সম্পন্ন করার পদক্ষেপ নেওয়া হয়েছে। টেষ্ট অডিট বা পর্যালোচনায় উদঘাটিত গুরুতর অনিয়ম ও অর্থ আত্মসাতের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে। এখন পর্যন্ত পর্যালোচনায় গুরুতর অনিয়ম পরিলক্ষিত হয় নি, তবে এই প্রক্রিয়া চলমান রয়েছে। অনিয়ম পাওয়া মাত্রই দ্রুততার সাথে ব্যবস্থা গ্রহণ করা হবে। অন্যান্য ত্রুটি সমাধানের জন্য ১৫ কর্মদিবসের সময় বেধে দেয়া হয়েছে। ১০০% অডিট সম্পাদনের ব্যবস্থা নেওয়া হয়। অডিট সম্পন্ন হওয়ার তারিখ হতে ৬০ দিনের মধ্যে এজিএম করার বাধ্যবাধকতা রয়েছে এবং সেটা নিশ্চিত করতে এজিএম ক্যালেন্ডার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। মোট ৩২ টি সমিতির তথ্য যাচাই করে এজিএম ক্যালেন্ডার করার বিষয়টি প্রায় চুড়ান্ত। দ্রুততম সময়ে সিধান্ত বাস্তবায়ন করে অবহিত করা হবে মর্মে জানানো হয়।<br><br>ধারাবাহিকভাবে এ কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন দাখিলের নির্দেশনা প্রদান করা হয়। | |
| ৬ | **৩.৩ কুমিল্লা জেলার আদর্শ সদর উপজেলার কোভিড-১৯ প্রনোদনা ঋণ কর্মসূচী বাস্তবায়নে স্বচ্ছতা আনয়ন:**<br>করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতিতে পল্লী এলাকার প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে কুটির, ক্ষুদ্র ও মাজঝারি শিল্প খাতকে লক্ষ্য করে গ্রামীণ এলাকার ঋণদান কার্যক্রম সম্প্রসারণের নিমিত্ত অর্থ বিভাগ কর্তৃক পিডিবিএফ এর অনুকূলে দুই কিস্তিতে সর্বমোট ২০০.০০ (দুইশত কোটি) টাকা বরাদ্দ প্রদান করা হয়। ১ম কিস্তিতে আদর্শ সদর উপজেলায় ২০ জন উদ্যোক্তাগণের মধ্যে সর্বমোট ৪৮.৫০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়। ২য় কিস্তিতে উক্ত কার্যালয়ের ৩৪.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যায় প্রনোদনা ২য় পর্যায়ে ঋণ প্রদানের ১২ জনের চূড়ান্ত তালিকা করা হয়েছে। মূলত: হস্ত, কবুটিকস ও কুটির শিল্পে ০৩ (তিন) জন, ডেইরী ফার্ম ও গাভী পালন ০৪ (চার) জন, কাঁথা সেলাই ০১ (এক) জন, মৎস্য চাষ ০৩ (তিন) এবং নার্সারী ১ (এক) জনসহ সর্বমোট ১২ (বার) জন উদ্যোক্তার মধ্যে সর্বমোট ৩৪,০০,০০০/- (চৌত্রিশ লক্ষ) টাকার ঋণ প্রদান করা হয়েছে। কুমিল্লার আদর্শ সদর উপজেলার , কোভিড-১৯ প্রণোদনা ঋণ কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রমের নিম্ন লিখিত প্রমাণকসমূহ দাখিল করা হয়:<br>১) উদ্যোক্তা বাছাই/জরিপ প্রতিবেদন;<br>২) সদস্য/উদ্যোক্তার প্রাথমিক তালিকা; | উপসচিব, প্রতিষ্ঠান শাখা-২,<br>পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। |

| | | |
|---|---|---|
| | ৩) বাছাইকৃত সদস্য/উদ্যোক্তার তালিকা;<br>৪) ইউডিওকর্তৃক সদস্য/উদ্যোক্তার স্বীকৃতি তালিকা;<br>৫) মাঠ কর্মী কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র;<br>৬) ডিডি-ডিবিও কনফারেন্স স্ক্রীনশট;<br>৭) প্রধান কার্যালয়-ডিডি কনফারেন্স স্ক্রীনশট;<br>৮) উপজেলা/জেলা কমিটির ঋন যাচাই/অনুমোদন সংক্রান্ত কার্যবিবরণী;<br>৯) ৩১ ডিসেম্বর, ২০২১ সামের মনিটরিং প্রতিবেদন;<br>১০) গ্রাহক সদস্যদের ঋণ প্রাপ্তি সংক্রান্ত এসএমএস স্ক্রীনশট;<br>১১) কুমিল্লা আদর্শ সদসর কার্যালয়ের গ্রাহক/সদস্যদের মোবাইল নম্বরসহ গৃহিত ঋণের তথ্য ওয়েবসাইটে প্রদর্শন;<br>পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) কর্তৃক কুমিল্লা জেলার আদর্শ সদর উপজেলার কোভিড-১৯ প্রণোদনা ঋণ কর্মসূচি বাস্তবায়নে স্বচ্ছতা আনয়নে গৃহীত পরবর্তী কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন দাখিলের নির্দেশনা প্রদান করা হয়। | |
| ৭ | ৩.৪ **পল্লী উন্নয়ন একাডেমী বার্ড কর্তৃক আয়োজিত প্রকল্পের আয়বর্ধনমূলক প্রশিক্ষণ কার্যক্রমে স্বচ্ছতা আনয়ন :**<br>(ক)। গ্রাম সভা আয়োজনের মাধ্যমে প্রকল্পের প্রশিক্ষণ চাহিদা নির্ধারণঃ<br>“গ্রাম সংগঠন ও ইউনিয়ন পরিষদের মাধ্যমে পল্লী এলাকার জনগনের জীবনযাত্রার মান উন্নয়ন” শীর্ষক প্রায়োগিক গবেষণা প্রকল্প এলাকায় গ্রাম সভার মাধ্যমে সুফলভোগীদের সমস্যা ও প্রয়োজনীয় প্রশিক্ষণ চাহিদা নিরুপন করে প্রশিক্ষণ পরিকল্পনায় অন্তর্ভূক্ত করা হয় (সংযুক্তি-ক) তা নিম্নে উল্লেখ করা হলো;<br>● স্যানিটারী ও ইলেকট্রিক্যাল কাজের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ<br>● ধাত্রীবিদ্যা প্রশিক্ষণ<br>● বেসিক কম্পিউটার এপ্লিকেশন ও আইসিটি প্রশিক্ষণ<br>● ড্রাইভিং প্রশিক্ষণ<br>● বিউটি পার্লার এবং<br>● হাউস কিপিং ইত্যাদি।<br>(খ)। প্রশিক্ষণ ক্যালেন্ডার ও প্রশিক্ষণার্থীদের তালিকা ওয়েবসাইটে প্রকাশঃ<br>প্রশিক্ষণ চাহিদার আলোকে ইতোমধ্যে বেসিক কম্পিউটার এপ্লিকেশন ও আইসিটি বিষয়ক ২টি প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়েছে। এছাড়া, কৃষি যান্ত্রিকীকরণ ও যৌথখামার ব্যবস্থাপনা শীর্ষক প্রায়োগিক গবেষণা সুফলভোগীদের জন্য দুইটি ব্যবহারিক প্রশিক্ষণ কোর্স সংগঠন করা হয়েছে। মহিলা শিক্ষা, আয় ও পুষ্টি উন্নয়ন প্রকল্পের সুফলভোগীদের জন্য একটি প্রশিক্ষণ সংগঠন করা হয়েছে।<br>(গ) ভার্চুয়াল প্লাটফর্মের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম মনিটরিং (ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রশিক্ষক ও প্রশিক্ষনার্থীদের সাথে মত বিনিময়।<br>গত ১০ মার্চ ২০২২ তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব চন্দন কুমার দে মহোহয়ের সাথে বার্ডের রাজস্ব বাজেটের আওতায় পরিচালিত গ্রাম | উপসচিব, প্রতিষ্ঠান শাখা-১,<br>পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। |

| | | |
|---|---|---|
| | সংগঠন ও ইউনিয়ন পরিষদের মাধ্যমে পল্লী এলাকার জনগনের জীবনযাত্রার মান উন্নয়ন শীর্ষক প্রায়োগিক গবেষণা প্রকল্পভুক্ত কুমিল্লা জেলার বরুড়া উপজেলার ৪ নং খোশবাস ইউনিয়নের গ্রামের গ্রামকর্মীদের সাথে মতবিনিময় করেন।সভায় উক্ত গ্রাম হতে সমিতির সদস্যের ৩০ জন সন্তান (২২ জন ছেলে এবং ৮ জন মেয়ে) বার্ডে আয়োজিত পাঁচদিন ব্যাপী " Basic Computer Application & ICT" প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেন।<br>সভাপতি মহোদয় গবেষণা প্রকল্পের বিভিন্ন দিক সম্পর্কে প্রকল্পের কর্মকর্তা এবং গ্রাম সংগঠনের সদস্যদের নিকট প্রশিক্ষণ থেকে অর্জন সম্পর্কে বিস্তারিত জানতে চাইলে মতবিনিময় সভার সভাপতি এবং মন্ত্রণালয়ের অন্যান্য কর্মকর্তাদের নিম্নবর্নিত বিষয়সমুহ অবগত করানো হয়ঃ<br>(ঘ)। তাৎক্ষনিক পরিদর্শনের মাধ্যমে পরিদর্শন কার্যক্রম মনিটরিং।<br>গত ০৬ মার্চ ২০২২ তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের উপ সচিব জনাব মোঃ কেরামত আলী বার্ডে অনুষ্ঠিত বিভিন্ন আয়বর্ধনমূলক প্রশিক্ষন কার্যক্রম মনিটরিং করেন। তিনি বার্ডে চলমান বেসিক কম্পিউটার এপ্লিকেশন ও আইসিটি বিষয়ক প্রশিক্ষণ কোর্সের কার্যক্রম পরিদর্শন করেন এবং প্রশিক্ষনার্থীদের সাথে মতবিনিময় করেন। প্রশিক্ষনার্থীগন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের উপসচিব মহোদয়কে পেয়ে আনন্দে আপ্লুত হয়ে পড়েন। জনাব মোঃ কেরামত আলী প্রশিক্ষনার্থীদের কম্পিউটার ব্যবহার গ্রামে গিয়ে চালিয়ে যাওয়ার পরামর্শ প্রদান করেন।<br>(ঙ) প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণ সংশ্লিষ্ট সামগ্রী বিতরণ।<br>আয়বর্ধনমূলক কার্যক্রমের প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণ সামগ্রী বিতরণ অনেকাংশে অপরিহার্য।<br>(চ) প্রশিক্ষণলব্ধ জ্ঞান যথাযথভাবে প্রয়োগ।<br>সেলাই প্রশিক্ষণ শেষে প্রশিক্ষনার্থীগন নিজের এবং পরিবারের কাপড় নিজেই সেলাই করেন। সমীক্ষায় দেখা যায় যে, ৯৫% প্রশিক্ষনার্থী সেলাই প্রশিক্ষণ শেষে নিজের এবং পরিবারের কাপড় নিজেই সেলাই করেন। এতে পরিবারের ব্যয় বহুলাংশে সাশ্রয় হয়। উল্লেখ্য যে, অনেক মেয়ের প্রশিক্ষণ শেষে তাড়াতাড়ি বিয়ে হয়ে যায়। মহেশপুর গ্রামের একজন সেলাই প্রশিক্ষনার্থী নিজেই তার বাড়িতে সেলাই প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করেন। ধারাবাহিকভাবে এ কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন দাখিলের নির্দেশনা প্রদান করা হয়। | |
| ৮ | **৩.৫ মিল্কভিটা কর্তৃক দুধ সংগ্রহে স্বচ্ছতা আনয়ন:**<br>সিরাজগঞ্জ জেলার শাহাজাদপুর উপজেলায় বাঘাবাড়িতে মিল্ক ভিটার দুগ্ধ কারখানাটি অবস্থিত। উত্তরাঞ্চলে মিল্কভিটার বাঘাবাড়ি একমাত্র দুগ্ধ কারখানা। এ কারখানায় বিভিন্ন চিলিং প্লান্ট এবং আশেপাশের সমিতিগুলো থেকে প্রাপ্ত দুধ প্রক্রিয়াজাত করা | উপসচিব, পরিকল্পনা ও উন্নয়ন-২, পল্লী উন্নয়ন ও |

| | | |
|---|---|---|
| | হয়। কারখানায় দুধ, পাস্তুরাইজড করে ঢাকায় প্রেরণ করা হয়।<br><br>২.১ বাঘাবাড়ি দুগ্ধ কারখানার দুগ্ধ সংগ্রহ ও সংরক্ষণে স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে উক্ত কারখানার বিভিন্ন কার্যক্রমসমূহের অগ্রগতি নিম্নে উল্লেখ করা হলো:<br><br>১. শাহজাদপুর উপজেলার ফরিদ পাঙ্গাসী সমবায় সমিতির কার্যক্রম পরিদর্শনকালে দেখা যায় উক্ত সমিতির সদস্যদের নাম ছবি ঠিকানা মোবাইল নম্বর সংরক্ষণ করা হয় ।<br><br>সমিতির সদস্যদের পালিত গাভির দুধ দৈনিক সকাল এবং বিকালে সংগ্রহ করা হয়। রেজিষ্টারের ফটোকপি সংযুক্ত করা হয়েছে।<br><br>২. উন্মুক্ত স্থানে দুধ সংগ্রহের আয়োজন করা হয়। সদস্যগণ দুধ নিয়ে আসলে তা মেপে জারে রাখা হয়। ম্যানেজার একটি রেজিস্টারে সদস্যদের নামের পার্শ্বে দুধের পরিমাণ লিখে রাখেন। এক্ষেত্রে ল্যাক্টোমিটার দিয়ে দুধের ঘনত্ব পরীক্ষা করা হয় না। ম্যানেজার সংগৃহীত দুধের পরিমাণ ১টি চালানে লিখে রিক্সা ভ্যানে করে চিলিং প্লান্টে প্রেরণ করেন ।<br><br>৩. ম্যানেজার কর্তৃক প্রেরিত দুধ ল্যাক্টোমিটার দিয়ে ঘনত্ব এবং ল্যাবটেস্টে দুধের ফ্যাটের পরিমাণ পরীক্ষা করা হয়। দুধের ঘনত্ব এবং ফ্যাটের পরিমাণ চালানে লিপিবদ্ধ করে ল্যাবটেস্ট সম্পন্ন করা হয় ।<br><br>৪. পূর্বাঞ্চল চিলিং প্লান্টটিতে ২/৩ দিন দুধ সংগ্রহের পর তা বাঘাবাড়ি দুগ্ধ কারখানায় প্রেরণ করা হয়। সংগৃহীত দুধের চালান এবং মূল কারখানায় তা প্রেরণের চালান সংযুক্ত করা হয়।<br><br>শাহজাদপুর উপজেলার ফরিদ পাঙ্গাসী প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতির দুধ সংগ্রহের বিষয়টি সরেজমিন পরিদর্শনে দেখা যায় যে, সদস্যগণ তাদের দুধ একটি পাত্রে (বালতি/হাড়ি) আনেন যা ল্যাকটোমিটার টেস্ট ছাড়াই ম্যানেজার গ্রহণ করেন। এ সমিতির এক বেলা দুধ সংগ্রহ করতে ২-২:৩০ ঘন্টা সময় লাগে। এ সময়টুকু জার খোলা অবস্থায় থাকে। অনেক সদস্য দূর থেকে বালতিতে করে খোলা অবস্থায় দুধ নিয়ে আসেন। ফলে বাইরের ধুলাবালি দুধে মিশ্রিত হবার সম্ভাবনা থাকে।<br><br>চিলিং প্লান্ট এবং আশপাশের সমিতি থেকে বাঘাবাড়ি কারখানায় দুধ আসে। নাকে দুধের গন্ধ নিয়ে এবং ল্যাক্টোমিটারে দুধের ঘনত্ব দেখে দুধের বিশুদ্ধতা পরীক্ষা করা হয় এবং ল্যাবে ফ্যাট টেস্টসহ অন্যান্য টেস্ট করা হয়। তবে মূল কারখানায় দুধ সংগ্রহকারী কর্মীদেরকে স্বাস্থ্যবিধি অনুসরণ করতে দেখা যায় না অর্থাৎ সব কর্মীকে এ্যাপ্রোন, মাথায় ক্যাপ, গ্লাভস পৃথক জুতা ব্যবহার করতে দেখা যায়নি।<br><br><u>দুগ্ধজাত পণ্য:</u><br><br><u>ঘি:</u> দুধের ক্রীম এবং বাটার জ্বাল দিয়ে ঘি তৈরী করা হয়। ঘি তৈরীর স্থানে বাটারগুলো পলিথিনের প্যাকেটে মেঝেতে রাখা হয়। এ শেডটির তাপমাত্রা অত্যাধিক হওয়ায় পলিথিনের | সমবায় বিভাগ। |

| | | |
|---|---|---|
| | কেমিক্যাল বাটারের সাথে মিশ্রিত হওয়ার সম্ভাবনা থাকে।<br>বাটার: মেশিনে বাটার উৎপাদিত হয়ে ম্যানুয়ালি প্যাকেজিং করা হয়।।<br>সুপারিশ:<br>১। যথাযথ স্বাস্থ্যবিধি মেনে দুধ দহোনের ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হলো।<br>২। মাঠ পর্যায়ে সমবায় সমিতি কর্তৃক ল্যাক্টোমিটার টেস্টের মাধ্যমে দুধ সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।<br>৩। চিলিং প্লান্ট, ল্যাব এবং বাঘাবাড়ি কারখানায় দুধ সংগ্রহের কাজে নিয়োজিত কর্মীদের স্বাস্থ্য-বিধি অনুসরণে প্রয়োজনীয় পোষাক পরিধানের বিষয়টি নিশ্চিত করা প্রয়োজন।<br>৪। ঘি তৈরীর জন্য বাটারগুলো পলিথিনের পরিবর্তে ফুড গ্রেডেড পলিথিন/এ্যালুমিনিয়াম / স্টেনলেস স্টিলের পাত্রে রাখার ব্যবস্থা করা যেতে পারে।<br>ধারাবাহিকভাবে মিল্ক ভিটা কর্তৃক দুধ সংগ্রহে কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন দাখিলের নির্দেশনা প্রদান করা হয়। | |

০২। পরিশেষে, আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

27/3/2022

(মো: মশিউর রহমান এনডিসি)
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২০২১-২২ অর্থ বছরেরর ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ) এর অগ্রগতি প্রতিবেদন বিষয়ে নৈতিকতা কমিটির সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা:

সভার তারিখ, সময় ও স্থান: ২১/০৩/২০২২, সোমবার, সকাল ১১.০০ ঘটিকা, সম্মেলন কক্ষে (কক্ষ নং-৬৩৩, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয় ঢাকা।

| ক্র: নং | নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তর/সংস্থার নাম | টেলিফোন ও ই-মেইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১. | মো. মাহিদুল ইসলাম অতি. সচিব, | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | 01712524644 | 21/03/2022 |
| ০২. | মো: ফজলে ইসলাম [illegible] | পউসবি | 0155 2601818 | |
| ০৩. | আলমগীর উদ্দীন CA/21 [illegible] | RDCD | 01731545277 | 21/3/22 |
| ০৪. | [illegible] | RDCD | 01550700009 | 21/03/2022 |
| ০৫. | | | | |
| ০৬. | মো: মিজানুর রহমান উপসচিব | RDCD | 01819434884 | |
| ০৭. | আজীজ হায়দার ভুঁইয়া উপসচিব | RDCD | 01715-028224 | 21/03/2022 |
| ০৮. | প্রকৌ: মো: মোনায়েম উদ্দিন চৌধুরী, সিস্টেম এনালিস্ট | পউসবি | 01711269270 | 21/03/2022 |
| ০৯. | মো: [illegible] প্রধান [illegible] সহকারী সচিব | পউসবি | 01552493734 | 21/3/22 |
| ১০. | [illegible] কুন্ডু উপসচিব | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | 01711-575195 | 21/3/22 |
| ১১. | মো: হাসান মনসুর উপসচিব | পউসবি | 01712146958 | |
| ১২. | | | | |
| ১৩. | [illegible] | পউসবি | 01552897084 | 21/3/22 |
| ১৪. | | | | |
| ১৫. | | | | |

/New apa sale/Meeting attendance-97/2020-21